# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৩৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ ব্যাপক অর্থে এই ধরণের কাজ নিষিদ্ধ হওয়ার ব্যাপারে সুস্পষ্ট হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الْمُصَرِّحِ بِحَظْرِ هَذَا الْفِعْلِ عَلَى الإطلاق

আরবী

3136 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ عَنْ مَعْمَرٍ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسٍ قَالَ: أَخَذَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى النِّسَاءِ حَيْثُ بَايَعَهُنَّ أَنْ لَا يَنُحْنَ فَقُلْنَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ نِسَاءً أَسْعَدْنَنَا فِي الْجَاهِلِيَّةِ فَنُسْعِدُهُنَّ فِي الْإِسْلَامِ؟ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا إِسْعَادَ فِي الْإِسْلَامِ وَلَا شِغَارَ في الإسلام ولا عقر في الإسلام لا جَلَبَ وَلَا جَنَبَ وَمَنِ انْتَهَبَ فَلَيْسَ مِنَّا)

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3136 | خلاصة حكم المحدث: صحيح ـ ((المشكاة)) (2947).

বাংলা

৩১৩৬. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “মেয়েরা যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে বাইয়াত গ্রহণ করে, তখন তিনি তাদের কাছে এই অঙ্গিকার গ্রহণ করেন যে, তারা কারো মৃত্যুতে বিলাপ-আহাজারী করবে না। তখন নারীরা বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, কিছু নারী আমাদেরকে জাহেলী যুগে সহযোগিতা করেছে, আমরা কি তাদেরকে ইসলামে আসার পর সহযোগিতা করবো?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “ইসলামে কান্নার কাজে কোন সহযোগিতা নেই, ইসলামে শিগার (এক পক্ষের কোন নারীকে বিবাহ দিয়ে মোহর হিসেবে অন্য পক্ষের কোন মেয়েকে প্রথম পক্ষের কারো সাথে বিবাহ দেওয়া। উভয় বিবাহেই কোন মোহর থাকে না) নেই, ইসলামে কোন আকার (কোন দানশীল ব্যক্তির কবরে পশু জবাই করে রেখে দেয়, যাতে সেগুলো পশু-পাখি খেতে পারে, সে যে বেঁচে থাকতে মানুষকে খাওয়াতো, সেটা যেন মরণের পরেও অব্যাহত থাকে), কোন জালাব (যাকাতযোগ্য পশুর যাকার দেওয়ার জন্য পশুকে যাকাত উসূলকারীর কাছে আনা যাবে না) নেই, নেই কোন জানাব (উটের মালিককে দূরে নিয়ে যাওয়া যাবে না। বরং পশুর যাকাত পশু অবস্থানের জায়গায় গ্রহণ করতে হবে)। আর যে ব্যক্তি লুণ্ঠন করে, সে আমাদের

অন্তর্ভুক্ত নয়।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৬৯০; মুসনাদ আহমাদ: ৩/১৯৭; নাসাঈ: ৪/১৬; সুনান বাইহাকী: ৪/৬২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ২৯৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92466

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন